বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭ তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ জাতির পিতার প্রতিকৃতিতে কমিশনে নবনিযুক্ত কমিশনার ড. এটিএম তারিকুজ্জামান, সিপিএ এর শ্রদ্ধা নিবেদন।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৮/০৫/২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক গত ২০ মে ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে কমিশনার হিসেবে যোগদান করেছেন ড. এটিএম তারিকুজ্জামান, সিপিএ। অদ্য ২৬ মে ২০২৪ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় ধানমন্ডি ৩২ নম্বরে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন নবনিযুক্ত কমিশনার ড. এটিএম তারিকুজ্জামান, সিপিএ। পুষ্পার্ঘ অর্পণ শেষে তিনি বঙ্গবন্ধু ভবনে রক্ষিত মন্তব্য খাতায় স্বাক্ষর করেন। এসময় কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, অতিরিক্ত পরিচালক জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, অতিরিক্ত পরিচালক জনাব আবুল কালাম আজাদ, সিনিয়র লাইব্রেরিয়ান জনাব মোঃ আনোয়ার হোসেন এবং ব্যক্তিগত কর্মকর্তা জনাব বিপ্লব কুমার উপস্থিত ছিলেন।

26-05-2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

